



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৮১১৯৭১০১/৬২৫/বগুড়া-১৯১

তারিখঃ ০১.১১.২০১৮খ্রিঃ

বিষয়ঃ সভাপতি মনোনয়নসহ এডহক কমিটি অনুমোদন প্রদান প্রসঙ্গে।

- সূত্রঃ ১) স্মারক নং- ০৫.৫০.১০৮১.০০.১৬.০০৩.১৮-১২০৫; তারিখঃ ৩০ সেপ্টেম্বর ২০১৮খ্রিঃ  
২) নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৮১১৯৭১০১/৫৭১/১৯১; তারিখঃ ০৯.০৮.২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলাধীন চন্দনবাইশা কামালপুর আবু আব্দুল্লাহ দাখিল মাদ্রাসার সুপার এর আবেদনের প্রেক্ষিতে অত্র দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/ ২২৬১৮১১৯৭১০১/৭৪২৮/নথি নং -১৯১; তারিখ: ০২-০৪-২০১৮ খ্রিঃ স্মারকে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হয়। বোর্ড হতে অনুমতি প্রাপ্তির পর মাদ্রাসার সুপার এডহক কমিটি অনুমোদনের জন্য কাগজপত্রসহ অত্র বোর্ডে অনলাইনে আবেদন দাখিল করেন।

পরবর্তীতে এডহক কমিটি অনুমোদন স্থগিত রাখার জন্য অপর একটি আবেদন অনলাইনে দাখিল করলে কেন এডহক কমিটি স্থগিত চেয়েছেন সে বিষয়ে ব্যাখ্যা দাখিল করার জন্য সুপারকে নির্দেশ দেয়া হয়। সুপার জবাব দাখিল করেছেন, জবাবে তিনি উল্লেখ করেন যে, এডহক কমিটির শিক্ষক প্রতিনিধি সদস্য ও অভিভাবক সদস্য এবং এলাকার জনসাধারণ এর মধ্যে উক্ত এডহক কমিটির বিষয়ে জটিলতা সৃষ্টি হওয়ায় অনুমোদন প্রদান স্থগিত রাখার জন্য আবেদন করেছেন।

উল্লিখিত বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সারিয়াকান্দি, বগুড়াকে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সারিয়াকান্দি, বগুড়ার মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রোক্ত ১নং স্মারকে অত্র বোর্ডে প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, মাদ্রাসার সুপার স্থানীয় জনগণের ও অভিভাবকদের চাপের কারণে অনলাইনে প্রেরিত এডহক কমিটি অনুমোদনের আবেদনটি স্থগিত করার জন্য আবেদন করতে বাধ্য হয়েছেন বিধায় স্থানীয় লোকের চাহিদা মোতাবেক জমাকৃত এডহক কমিটি স্থগিত করে পুনরায় একটি এডহক কমিটি গঠনের অনুমতি দেয়ার জন্য তদন্তকারী কর্মকর্তা সুপারিশ করেছেন।

বর্ণিত অবস্থায় তদন্ত কর্মকর্তার সুপারিশের ভিত্তিতে-

- ক) এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান সংক্রান্ত অত্র বোর্ডের নং-বামাশিবো/প্রশা/২২৬১৮১১৯৭১০১/ ৭৪২৮/নথি নং -১৯১; তারিখ: ০২-০৪-২০১৮ খ্রিঃ স্মারকটি এতদ্বারা বাতিল করা হলো;  
খ) অনলাইনে দাখিলকৃত সভাপতি মনোনয়নসহ এডহক কমিটি অনুমোদন সংক্রান্ত আবেদনটি (আইডি নং- ২৩১১৮১১৯৭১০১) এতদ্বারা বাতিল করা হলো; এবং  
গ) মাদ্রাসার সুপারকে পুনরায় এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে অনলাইনের মাধ্যমে বোর্ডে আবেদন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার/ভারপ্রাপ্ত সুপার

চন্দনবাইশা কামালপুর আবু আব্দুল্লাহ দাখিল মাদ্রাসা, ডাকঘর- চন্দনবাইশা, সারিয়াকান্দি, বগুড়া।

স্মারক নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৮১১৯৭১০১/৬২৫/বগুড়া-১৯১

তারিখঃ ০১.১১.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, বগুড়া।
২. উপজেলা নির্বাহী অফিসার, সারিয়াকান্দি, বগুড়া।
৩. জেলা শিক্ষা অফিসার, বগুড়া।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সারিয়াকান্দি, বগুড়া।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪